



প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়
৮৬/১ কলেজ স্ট্রিট, কলকাতা- ৭০০৭৪৩
বাংলা বিভাগ

বাংলা সাম্মানিক প্রবেশিকা পরীক্ষা ২০১৫
প্রশ্নের ধরন, পাঠ্যক্রম ও নমুনা প্রশ্ন

১০০ নম্বরের প্রবেশিকা পরীক্ষা
সময় ১ ঘণ্টা ৩০ মিনিট

প্রশ্নের ধরন (Question Pattern)

প্রশ্ন ১ : ৩০টি MCQ (চারটি বিকল্পের মধ্যে থেকে একটি উত্তর বেছে নিতে হবে)	মান : ৩০
প্রশ্ন ২ : ১টি ভাবসম্প্রসারণ (অনধিক ৪০০ শব্দ)	মান : ৩০
প্রশ্ন ৩ : ১টি প্রবন্ধ রচনা (অনধিক ৮০০ শব্দ)	মান : ৪০

পাঠ্যক্রম (Syllabus)

প্রশ্ন ১ এর জন্য :

- বাংলা সাহিত্যের ইতিহাস – প্রাচীন, মধ্য ও আধুনিক যুগ ('চর্যাপদ' থেকে সাম্প্রতিক সময়-কাল পর্যন্ত)
- বাংলা ব্যাকরণ ও ভাষা-উপভাষা, বানান, অশুদ্ধি সংশোধন
- সাহিত্য ও অন্যান্য শিল্প-কলা সম্পর্কে সাধারণ ধারণা
- সাহিত্য সংক্রান্ত সাম্প্রতিক ঘটনা ও তথ্য

প্রশ্ন ২ এর জন্য :

পদ্য ও গদ্যের ব্যাখ্যা-বিশ্লেষণ

প্রশ্ন ৩ এর জন্য :

সাহিত্যের নানা ধারা, সমাজ ও সংস্কৃতি, অন্যান্য শিল্প-কলা মাধ্যম

নমুনা প্রশ্ন (Sample Questions)

প্রশ্ন ১ : সঠিক উত্তরটি বেছে নাও :

ক. 'কবিরত্ন' উপাধি মধ্যযুগের কোন্ কবির ছিল?

অ) মুকুন্দরাম চক্রবর্তী আ) ঘনরাম চক্রবর্তী ই) রূপরাম চক্রবর্তী ঙ) কমলাকান্ত চক্রবর্তী

খ. 'বঙ্গদর্শন' পত্রিকার প্রথম সম্পাদক ছিলেন :

অ) শ্রীশচন্দ্র মজুমদার আ) অক্ষয়চন্দ্র সরকার ই) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঙ) অক্ষয়কুমার দত্ত

গ. রবীন্দ্রনাথ 'গোরা' উৎসর্গ করেছিলেন ?

অ) দেবেন্দ্রনাথ ঠাকুর-কে আ) রথীন্দ্রনাথ ঠাকুর-কে ই) চিত্তরঞ্জন দাস-কে ঙ) মহাত্মা গান্ধী-কে

ঘ. কোন্টি অশুদ্ধ চিহ্নিত করো :

অ) বক্ষ্যমাণ আ) জাজ্জল্যমান ই) মহিমময় ঙ) আভ্যন্তরিক

প্রশ্ন ২ : যে-কোনো ১টির ভাবসম্প্রসারণ করো (অনধিক ৪০০ শব্দ) :

ক. শুনহ মানুষ ভাই / সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই।

খ. যে পূজার বেদী রক্তে গিয়েছে ভেসে

ভাঙে ভাঙে আজি ভাঙে তারে নিঃশেষে

ধর্মকারার প্রাচীরে বজ্র হানো

এ অভাগা দেশে জ্ঞানের আলোক আনো।

প্রশ্ন ৩ : যে-কোনো ১টি বিষয়ে প্রবন্ধ লেখো (অনধিক ৮০০ শব্দ) :

ক. রূপকথার জগৎ ও আজকের শিশুরা

খ. তোমার কল্পনায় একটি আদর্শ শিক্ষা-প্রতিষ্ঠান

গ. যে-বই ফিরে ফিরে পড়ি

.....